17

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 11 DEC 1998 ...
পৃষ্ঠা ... ২ কলাম ... ৩ ...

ঢাবি ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট

# ভর্তিযুদ্ধ প্রতি আসনে ১১১ ছাত্রছাত্রী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের বিবিএ প্রোগ্রামে ভর্তি হতে পারা সোনার হরিণ হাতে পাওয়ার মতো বিষয় হয়ে দাঁড়িয়েছে। এখানে প্রতিটি আসনের জন্য একশ' ১১ ছাত্রছাত্রীর মধ্যে আজ শুক্রবার কলমযুদ্ধ হবে।

বিশ্ববিদ্যালয়ের বিবিএ প্রোগ্রামে সংরক্ষিত ৭০টি আসনের জন্য পরীক্ষায় অংশ নিচ্ছে ৮ হাজার ২শ' ৫ ছাত্রছাত্রী। আজ সকাল ১০টায় পরীক্ষা শুরু হবে। দেশের মেধাবী ছাত্রদের মধ্যে শ্রেষ্ঠরা এই ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে। সারাদেশে এখান থেকে পাস করা ছাত্রদের চাহিদা সবচেয়ে বেশি। বিদেশেও এর সুনাম রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবিএ প্রোগ্রামে ভর্তি হওয়ার সুযোগ না পেয়ে দেশের অনেক মেধাবী তরুণ বিদেশে পড়তে যায়। এজন্য দেশ থেকে অনেক অর্থ বিদেশে চলে যাচ্ছে। এই কারণে বিভিন্ন মহল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএতে বিবিএ প্রোগ্রামে আসনসংখ্যা বাড়ানোরও জোর দাবি উঠেছে। দেশের প্রাইভেট বিশ্ববিদ্যালয়সমূহে ছাত্র ছাত্রীরা বিবিএ প্রোগ্রামে ভর্তি হয়ে স্বস্তি পাচ্ছে না। এই কারণেই আইবিএতে বিবিএ প্রোগ্রামে এই তুমুল প্রতিদ্বন্দ্বিতা সৃষ্টি হয়েছে।